



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা



প্রেস বিজ্ঞপ্তি

২০ জানুয়ারি ২০২৪

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টোতে আজ ২০ জানুয়ারি ২০২৪ তারিখ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ই-পাসপোর্ট কার্যক্রমের উদ্বোধন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর মহাপরিচালক মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার, বিএসপি, এনডিসি, এইসডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি, এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন জনাব মোঃ খাইরুল কবির মেনন, অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। অনুষ্ঠানে ই-পাসপোর্ট কার্যক্রমের সাথে সম্পৃক্ত ঢাকা থেকে আগত কর্মকর্তাবৃন্দ ও ই-পাসপোর্ট প্রকল্পের কারিগরি দল উপস্থিত ছিলেন। এছাড়া, স্থানীয় নেতৃবৃন্দ, বাংলাদেশি ডায়াসপোরার সদস্যবৃন্দ, বাংলাদেশি স্টুডেন্ট, ই-পাসপোর্ট সেবা আবেদনকারীগণ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সদস্যবৃন্দ এবং কনস্যুলেটের কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা বর্তমান সরকারের উন্নয়ন পরিকল্পনার ধারাবাহিকতার একটি মাইলফলক। দেশের অভ্যন্তরে ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহে ই-পাসপোর্ট কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে প্রধান অতিথি উপস্থিত সকলকে সম্যক ধারণা প্রদান করেন এবং উপস্থিত অতিথিবৃন্দের সাথে ই-পাসপোর্ট সেবা সম্পর্কে মত বিনিময় করেন। আনুষ্ঠানিক উদ্বোধন শেষে প্রধান অতিথি কয়েকজন আবেদনকারীকে ই-পাসপোর্ট এনরোলমেন্ট প্লিপ হস্তান্তর করেন।

ভারপ্রাপ্ত কনসাল জেনারেল মিস ফাহিমদা সুলতানা তার বক্তব্যের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে বলেন, কানাডাস্থ বাংলাদেশি ডায়াসপোরার সদস্যবৃন্দ এবং এখানে অধ্যয়নরত বাংলাদেশি স্টুডেন্টদের জন্য আজ অত্যন্ত আনন্দের দিন। এখন থেকে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো থেকে ই-পাসপোর্ট সেবা গ্রহণ করতে পারবেন। তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তরের যে রূপরেখা প্রনয়ন করেন তার বাস্তবায়ন ও ধারাবাহিকতায় চালু হলো ই-পাসপোর্ট সেবা কার্যক্রম। বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টোতে ই-পাসপোর্ট কার্যক্রম উদ্বোধনের মধ্য দিয়ে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সক্রিয় অংশীদার হতে পেরে আমরা গর্বিত। সকলের সম্মিলিত প্রচেষ্টায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ তথা ২০৪১ সালের মধ্যে আমরা উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবো এই আশাবাদ ব্যক্ত করেন।



